


১০৮৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

[মুসক আইন ও বিধি শাখা]



১৪৪

নথি নং-৭(৭)মুসক-নীতি ও বাজেট/২০০৯/ ৫.৩৭(৩২)

তারিখ : ১৪-০৬-২০১২ খৃঃ।

বিষয়: ব্যাংকিং সেবাখাত কর্তৃক রপ্তানিকারক এবং অন্যান্য গ্রাহককে প্রদত্ত সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত কমিশন, ফি বা চার্জের উপর মুসক আদায় সংক্রান্ত দিক-নির্দেশনা।

- সূত্র: (১) বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা এর পত্র নং ৪/LTU(মুসক)১৭০/ব্যাংকিং সেবা/বিবিধ/ টিপিএসইউ/ ০৭/৫২০২, তারিখ: ২০-০৯-২০১১ খৃঃ।
- (২) বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা এর পত্র নং ৪/এলটিইউ-মুসক/সা:-৩/৮-৩-১/ন্যাশনাল ব্যাংক/স্বা: রা: অডিট/২০০৬-০৭/১১/১০৩০, তারিখ: ২৭/০২/২০১২ খৃঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত গণের মাধ্যমে ব্যাংকিং সেবাখাত কর্তৃক রপ্তানিকারক এবং অন্যান্য গ্রাহককে প্রদত্ত নিম্নোক্ত সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত কমিশন, ফি বা চার্জের উপর মূল্য সংযোজন কর আরোপযোগ্য কিনা-সে বিষয়ে জ্ঞানতে চাওয়া হয়েছে, যথা :-

- (ক) রপ্তানীকারকের Export LC amendment, LC advising, LC cancellation ইত্যাদি অর্থাৎ Export LC open করার পর উক্ত LC সম্পর্কিত কার্যাদির বিপরীতে প্রাপ্ত ফি, কমিশন বা চার্জ;
- (খ) রপ্তানী সংক্রান্ত অন্যান্য সেবা, যেমন- LC এর বিপরীতে postage & telephone, telex, SWIFT, সেবা বাবদ আদায়কৃত চার্জ, export document handling কমিশন, export bill negotiation কমিশন বা চার্জ, export bill collection ফি বা চার্জ ইত্যাদি নামে Exporter এর নিকট হতে আদায়কৃত কমিশন, ফি বা চার্জ;
- (গ) Loan early settlement fee;
- (ঘ) Master/VISA card কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত আয় (income);
- (ঙ) বাংলাদেশ ব্যাংক এর নিকট হতে সঞ্চয়পত্র বাবদ প্রাপ্ত কমিশন;
- (চ) Interest income, Merchant Commission (Local Acquiring), Income on Inter Change (ATM), Letter of Guarantee (LG), Letter of Credit (LC) Inland, Commission + Service Charge CCS (Consumer Credit Service) এবং Commission on ABP (Acceptable Bill Purchase), Commission on Export Bill, Underwriting Commission, Late Payment of Credit Cards ইত্যাদি রপ্তানি সংশ্লিষ্ট সেবা।

০২। উল্লিখিত বিষয়সমূহ সংশ্লিষ্ট আইন, বিধি ও প্রজ্ঞাপনের আলোকে জাতীয় রাজস্ব বোর্ডে পরীক্ষা ও পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য কার্যক্রমসমূহ সেবার কোড এস০৫৬.০০ এর অধীন "ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী" শীর্ষক সেবার আওতাভুক্ত হবে। জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এসআরও নং-১৭৫-আইন/২০১১/৫৯৮-মুসক তারিখ-০৯.০৬.১১ এ প্রদত্ত ব্যাখ্যা অনুসারে "ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী" অর্থ কোনো রপ্তায়স্থ, দেশীয় বা বিদেশী বাণিজ্যিক ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ধারা সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান বা বহুস্ত্রা যাহারা কমিশন, ফি বা চার্জের বিনিময়ে ব্যাংকিং বা নন ব্যাংকিং সেবা যথা:- ঋণপত্র, ব্যাংক গ্যারান্টি, ডিমাও ড্রাফট, পে-অর্ডার, টিটি, এমটি, কমিটমেন্ট, হ্যাণ্ডলিং যে কোন প্রকারের হিসাব (account) খোলা ও নবায়ন এবং আবেদনপত্র প্রক্রিয়াকরণসহ অন্যান্য সকল সেবা (স্টেক এন্ডচেঞ্জ আধিকারভুক্ত কোম্পানীর শেয়ার ক্রয়-বিক্রয় সংক্রান্ত সেবা ব্যতীত) প্রদান করিয়া থাকেন"। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং- ১৪৯-আইন/৯৯/২২৮-মুসক তারিখ-১০.০৬.৯৯ অনুসারে, ঋণপত্র সেবা প্রদানকারী কর্তৃক কেবলমাত্র রপ্তানি পর্যায়ে, মাস্টার এলসি এর বিপরীতে প্রতিষ্ঠিত ব্যাংক টু ব্যাংক এলসি, লোকাল ব্যাংক টু ব্যাংক এলসি এবং ক্যাশ এলসিসহ রপ্তানি সংশ্লিষ্ট অন্যান্য এলসি এর কমিশন, ফি বা চার্জের ওপর আরোপনীয় মূল্য সংযোজন কর অব্যাহতিপ্রাপ্ত। সুতরাং উপরের অনুচ্ছেদে বর্ণিত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সিদ্ধান্ত নিম্নরূপ:

- (ক) রপ্তানীকারকের Export LC amendment এবং Export LC advising এর বিপরীতে প্রাপ্ত ফি, কমিশন বা চার্জ এর উপর মুসক প্রযোজ্য হবে না। তবে LC cancellation fee এর উপর মুসক আদায়যোগ্য হবে।
- (খ) অনুচ্ছেদ ১ এর (খ) থেকে (চ) পর্যন্ত উপ-অনুচ্ছেদের বেলায় প্রযোজ্য মুসক আদায়যোগ্য হবে। তবে Interest income যেহেতু কোন চার্জ, ফি বা কমিশন নয়, তাই এটি মুসকযোগ্য নয়।

উল্লেখ্য যে, আইনের দ্বিতীয় তফসীলে অন্তর্ভুক্ত না থাকলে অথবা ধারা ১৪ এর অধীন প্রজ্ঞাপন দ্বারা অব্যাহতিপ্রাপ্ত না হলে গণের বিনিময়ে প্রদত্ত সকল সেবার উপর মুসক আদায়ের ক্ষেত্রে কোনরূপ অস্পষ্টতা থাকার কথা নয়।

০৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ ২ এর সিদ্ধান্ত অনুসারে কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক : কমিশনার
বৃহৎ করদাতা ইউনিট (মুসক)
দ্বিতীয় নায় তলা সরকারী অফিস ভবন (৬ষ্ঠ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।

(মোহাম্মদ শুফি উদ্দিন)
দ্বিতীয় সচিব (মুসক-আইন ও বিধি)
২০১২

১-১১। অনুশিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য :
কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মুসক কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/রংপুর/সিলেট/খুলনা/যশোর।
মহাপরিচালক, মুসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, গুলশেবা প্লাজা, ৬৯, আউটার সার্কুলার রোড, মণিষাজার, ঢাকা।

১২